



সুপারকার্ডের সবচেয়ে গুরুত্বপূর্ণ নিয়ম এবং শর্তাবলী

সাম্প্রতিকতম সবচেয়ে গুরুত্বপূর্ণ নিয়ম ও শর্তাবলী এবং কার্ডসদস্য
বিষয়ক চুক্তির জন্য অনুগ্রহ করে www.rblbank.com দেখুন

मूल तथ्य विषयक विवृति

উপাদান/মূল তথ্যসমূহ	মন্তব্য/বিবরণ
যোগদান করার ফি	প্রাথমিক এবং অ্যাড অন কার্ডধারকদের জন্য শূন্য
সদস্যতা ফি (বার্ষিক/মাসিক)	টা. 499-4999 (MITC-র কার্ডের ভিন্নতা অনুসারে) অ্যাড অন কার্ডের জন্য শূন্য
নগদ অগ্রিম (ক্যাশ অ্যাডভান্স) ফি	নগদ অর্থের 2.5% (ন্যূনতম টা. 500)
পরিষেবা মূল্য	সরকার দ্বারা নির্ধারিত জিএসটি হার (18% যেমন প্রযোজ্য)
পুনরাবৃত্তিকারী ধার (রিভলভিং ক্রেডিট) এবং নগদ অগ্রিম (ক্যাশ অ্যাডভান্স) উভয়ের জন্য আর্থিক মূল্য (ফিনান্স চার্জ)	MITC - তে যে রূপ বিবৃত তা অনুসারে বিভিন্ন কার্ডের শ্রেণি হিসাবে পার্শ্বক্য ঘটে - সীমা 3.33% থেকে 3.99% প্রতিমাসে
বাকি-পড়া (ওভারডিউ) চার্জ	শূন্য (মাসিক এবং বার্ষিক উভয় ভিত্তিতেই)
খেলাপি (ডিফল্টার) হওয়ার ক্ষেত্রে চার্জ	গ্রাহকের মোট বাকি অর্থের উপর নির্ভর করে বিলম্বিত অর্থপ্রদানের ফি (লেট পেমেন্ট ফি) নেওয়া হয়ে থাকে - সীমা টা. 0 - 1300
ক্রেডিট সীমা	স্বাগতকারী পত্রে ও মাসিক বিবৃতিতে প্রকাশ করা হয়েছে
লভ্য ক্রেডিট সীমা	মাসিক বিবৃতিতে প্রকাশ করা হয়েছে
টাকা তোলা সীমা	মাসিক বিবৃতিতে প্রকাশ করা হয়েছে
বিলিং বিবৃতি - পর্যায়ক্রমিকতা এবং পাঠানোর পদ্ধতি	বস্তুগত/ই-স্টেটমেন্ট প্রতিমাসে প্রেরণ (পদ্ধতিটি নির্বাচিত পছন্দ অনুসারে হয়ে থাকে)

<p>প্রদেয় ন্যূনতম অর্থ (বাকি ন্যূনতম অর্থ)</p>	<p>নগদ অর্থের 5% (ন্যূনতম টা. 200), সেই মাসের জন্য নতুন ইএমআই ডেবিট অথবা আগের অন্য কোনও অপ্রদত্ত ইএমআই ডেবিট+জিএসটি</p>
<p>অর্থপ্রদানের পদ্ধতি</p>	<p>স্ট্যাডিং ইনস্ট্রাকশনের মাধ্যমে পর্যায়ক্রমিক অর্থপ্রদান (NACH) অথবা এনইএফটি/চেক/মাইকার্ডঅ্যাপ/ অনলাইনের মাধ্যমে এককালীন অর্থপ্রদান</p>
<p>বিলিং বিতর্ক নিষ্পত্তি</p>	<p>বিবৃতি জারির 30দিনের ভেতরে কার্ড সদস্য, ওয়েবসাইটে লভ্য স্বাক্ষরিত বিতর্ক পত্র (ডিসপিউট ফর্ম) আরবিএল ব্যাংকে ডাকযোগে অথবা ইমেল করে পাঠাতে পারেন (https://rblbank.com/download-forms/credit-cards)</p>
<p>কার্ড-প্রদানকারীর সম্পূর্ণ ঠিকানা</p>	<p>কার্ড পরিষেবা, আরবিএল ব্যাংক লিমিটেড, ইউনিট নং 306-311, 3য় তলা, জেএমডি মেগাপোলিস, সোহনা রোড, সেক্টর - 48, গুড়গাঁও, হরিয়ানা-122 122018</p>
<p>গ্রাহক পরিষেবার যোগাযোগের বিস্তারিত তথ্য</p>	<p>টোল-ফ্রি নম্বর: 022-7119 0900 আমাদের ইমেল করুন এখানে supercardservice@ rblbank.com</p>
<p>অভিযোগ নিষ্পত্তিকারী আধিকারিকের যোগাযোগের বিস্তারিত তথ্য</p>	<p>শ্রী বিকাশ নিগম - ফোন করুন 022-71432700 নম্বরে অথবা এই ঠিকানায় ইমেল করুন principalnodalofficer@ rblbank.com</p>

সুপারকাৰ্ডেৰ সবচেয়ে গুৰুত্বপূৰ্ণ নিয়ম এবং শৰ্তাবলী

“সৰ্বাধিক গুৰুত্বপূৰ্ণ নিয়ম ও শৰ্তাবলী” (“এমআইটিসি”) এবং এখানে প্ৰদত্ত সব তথ্য আৰবিএল ব্যাংক লিমিটেড (“আৰবিএল ব্যাংক”) দ্বাৰা জাৰীকৃত সব সহ-ব্ৰ্যান্ডবিশিষ্ট ক্ৰেডিট কাৰ্ডেৰ জন্য প্ৰযোজ্য যা বাজাজ ফিনান্স লিমিটেডেৰ নামে এবং (এৰপৰে “ক্ৰেডিট কাৰ্ড” হিসাবে উল্লেখ কৰা হয়েছে) “সুপাৰকাৰ্ড” শৈলীতে আৰবিএল ব্যাংক কাৰ্ড সদস্য চুক্তিৰ এৰ সাথে একত্ৰে পড়তে এবং বুঝতে হবে। সময়ে সময়ে ব্যাংকেৰ বিবেচনাৰ ভিত্তিতে এবং প্ৰযোজ্য আইন অনুযায়ী এমআইটিসি পৰিবৰ্তন সাপেক্ষে।

(A) ফি এবং চাৰ্জসমূহ

- (i) প্ৰাথমিক কাৰ্ড হোল্ডাৰ এবং অ্যাড-অন কাৰ্ড হোল্ডাৰেৰ জন্য জয়েন ফি এবং
- (ii) প্ৰাথমিক এবং অ্যাড-অন কাৰ্ড ধাৰকেৰ জন্য বাৰ্ষিক সদস্যপদ ফি

কাৰ্ডেৰ প্ৰকাৰভেদ	সদস্যপদ কাৰ্ডেৰ প্ৰকাৰভেদ ফি 1ম বছৰ	দ্বিতীয় বছৰ থেকে বাৰ্ষিক ফি
প্ল্যাটিনাম চেয়েস সুপাৰকাৰ্ড*	ট. 499	ট. 499
প্ল্যাটিনাম ক্লাসিক সুপাৰকাৰ্ড*	ট. 499	ট. 499
প্ল্যাটিনাম অ্যাডভান্টেজ সুপাৰকাৰ্ড*	ট. 499	ট. 499
প্ল্যাটিনাম ভ্যালুপ্লাস সুপাৰকাৰ্ড*	ট. 499	ট. 499
প্ল্যাটিনাম শপস্মাৰ্ট সুপাৰকাৰ্ড*	ট. 499	ট. 499
প্ল্যাটিনাম শপডেইলি সুপাৰকাৰ্ড	ট. 499	ট. 499
প্ল্যাটিনাম প্লাস সুপাৰকাৰ্ড	ট. 999	ট. 999
প্ল্যাটিনাম বোনাস সুপাৰকাৰ্ড*	ট. 999	ট. 999

গ্ল্যাটিনাম শপগেইন সুপারকার্ড	টা. 1499	টা. 1499
গ্ল্যাটিনাম ট্যাভেলইজি সুপারকার্ড*	টা. 999	টা. 999
গ্ল্যাটিনাম প্রাইম সুপারকার্ড	টা. 999	টা. 999
গ্ল্যাটিনাম ম্যাক্স সুপারকার্ড	টা. 999	টা. 999
গ্ল্যাটিনাম এজ সুপারকার্ড	টা. 1999	টা. 1999
বিজ্ঞ সুপারকার্ড*	টা. 999	টা. 999
গ্ল্যাটিনাম লাইফইজি সুপারকার্ড	টা. 1999	টা. 1999
ওয়ার্ল্ড প্রাইম সুপারকার্ড	টা. 2999	টা. 2999
ওয়ার্ল্ড ম্যাক্স সুপারকার্ড	টা. 2999	টা. 2999
ওয়ার্ল্ড প্লাস সুপারকার্ড	টা. 4999	টা. 4999
ইজিসেভার সুপারকার্ড	টা. 499	টা. 499
মাইফাস্ট সুপারকার্ড	টা. 999	টা. 999

*ব্যাংকের বিবেচনার ভিত্তিতে এই কার্ডটি প্রথম বছরের ফ্রি কার্ড হিসাবেও পাওয়া যেতে পারে। ব্যাংক কর্তৃক জারীকৃত বিভিন্ন ক্রেডিট কার্ডে প্রযোজ্য যোগদানমূলক (জয়েনিং) ফি, বার্ষিক ফি এবং পুনর্নবীকরণ ফি, একজন কার্ডসদস্যের তুলনায় অপর কার্ডসদস্যের মধ্যে এবং একটি ক্রেডিট কার্ডের তুলনায় অপর ক্রেডিট কার্ডের বিশেষ বিবরণের মধ্যে পৃথক হতে পারে। প্রযোজ্য ফি ক্রেডিট কার্ডের জন্য আবেদন করার সময় এবং/অথবা উক্ত ক্রেডিট কার্ড ইস্যু করার সময় কার্ডের সদস্যকে জানানো হবে। উপরন্তু, এই প্রকার ফি যেন্দুপ প্রযোজ্য হবে সেই হিসাবে কার্ড সদস্যের অ্যাকাউন্টে সরাসরি ধার্য করা হয় এবং সেই অনুযায়ী কার্ডের বিবৃতিতে জ্ঞাপন করা হয়।

অন্যান্য ফি এবং চার্জ

অ্যাড-অন কার্ড ফি	শূন্য
বৈদেশিক মুদ্রার লেনদেন	লেনদেনের পরিমাণের 3.50% সংযোজন
শাখায় নগদ অর্থ প্রদান	আরবিএল ব্যাংকের শাখায় সম্পন্ন টা.100 / নগদ জমার লেনদেন কার্যকর হয়েছে 1লা জুলাই 2022 তারিখে
ক্রয়ের উপরে সারচার্জ/ রেলের টিকিট বাতিলকরণ	আইআরসিটিসি পরিষেবা মূল্য + পেমেন্ট গেটওয়ে লেনদেনের চার্জ (টিকিটের অর্থের উপরে 1.8% পর্যন্ত + আইআরসিটিসি পরিষেবা মূল্য)। বিস্তারিত জানার জন্য আইআরসিটিসি ওয়েবসাইট দেখুন
স্বালানি কিনতে ভারতে পেট্রোল পাম্পে লেনদেন করার জন্য স্বালানি লেনদেনের চার্জ	স্বালানি লেনদেনের মূল্যের উপর 1% সারচার্জ বা টা.10/- যেটি বেশি হবে স্বালানি সারচার্জ ব্যবসায়ীর দিকের উপর নির্ভর করে এবং এতে 1% থেকে 2.5% পর্যন্ত পার্থক্য ঘটতে পারে
পণ্য ও পরিষেবা কর (গুডস অ্যান্ড সার্ভিস ট্যাক্স)	18% -এর একটি আদর্শ হার ধার্য করা হবে
পুরস্কার খালাস (রিওয়ার্ড রিডেম্পশন) করার ফি	পুরস্কার খালাস (রিওয়ার্ড রিডেম্পশন) - করার ফি হিসাবে 99+জিএসটি বাজাজ ফিনসার্ভ আরবিএল ব্যাংক সুপারকার্ডে করা সব খালাসের উপরে আরোপ করা হবে। 01 জুন 2019 থেকে কার্যকর নিয়ম ও শর্তাবলী প্রযোজ্য।
কার্ড প্রতিস্থাপন (হারানো/চুরি/পুনরায় জারি/অন্য কোনও প্রতিস্থাপন)	শূন্য
ডুপ্লিকেট বিবৃতি (স্টেটমেন্ট) -এর ফি	শূন্য
চেক ফেরত / ডিসঅনার ফি , পর্যাপ্ত অর্থ বা ফান্ড না থাকার জন্য ব্যাংক অ্যাকাউন্ট থেকে অটো ডেবিট রিভার্সাল	টা. 500
ব্যবসায়ীর ইএমআই প্রসেসিং ফি*	ব্যবসায়ীর দোকানে/ ওয়েবসাইটে/অ্যাপে, ক্রেডিট কার্ডের মাধ্যমে লেনদেন করার সময় সব ইএমআই রূপান্তরের উপরে 199 + জিএসটি আরোপ করা হবে 01 সেপ্টেম্বর 2022 থেকে কার্যকর
ভাড়া সংক্রান্ত লেনদেনের উপরে ফি#	যেকোনও প্রাসঙ্গিক ব্যবসায়ীর ক্ষেত্রে সম্পন্ন সব ভাড়া-সংক্রান্ত লেনদেনের উপরে লেনদেনের অর্থের উপরে 1% ফি আরোপ করা হবে (1 লা ফেব্রুয়ারি 2023 থেকে কার্যকর)

#এতদ্বারা এই স্পষ্টীকরণ দেওয়া হচ্ছে যে, মাস্টারকার্ড/ভিসা কর্তৃক যেরূপ বন্ডিত তা অনুসারে এমসিসি (মার্চেন্ট ক্যাটাগরি কোড অর্থাৎ ব্যবসায়ীর শ্রেণি কোড) - এর ভিত্তিতে ভাড়ার লেনদেনগুলি চিহ্নিত করা হয়। ভাড়ার জন্য বরাদ্দ এমসিসির অধীনে নিবন্ধিত ব্যবসায়ীদের দোকানে/ ফ্র্যাঞ্চাইজিতে ক্রয়ের জন্য ভাড়ার লেনদেনের উপরে ফি প্রযোজ্য হবে।

*ব্যবসায়ীর ইএমআই প্রসেসিং ফি-এর বিস্তারিত শর্তাবলীর জন্য অনুগ্রহ করে আরবিএল ব্যাংকের ওয়েবসাইটে ব্যবসায়ীর ইএমআই নিয়ম ও শর্তাবলী দেখুন।

1 লা ফেব্রুয়ারি 2023 থেকে কার্যকর, বাজাজ ফিনসার্ভ আরবিএল ব্যাংক সুপারকার্ডের জন্য SnP এবং ব্যবসায়ীর ইএমআই লেনদেনের উপরে বেস পয়েন্ট সঞ্চিত হবে না।

সীমান্ত-পারের লেনদেনের জন্য গুরুত্বপূর্ণ তথ্য: যেদিন প্রাপক (এখানে প্রাপক বলতে ব্যবসায়ীর এমন সত্তাকে নির্দেশ করে যার টার্মিনাল/ডিভাইস/ওয়েবসাইটে লেনদেন করা হয়েছে) দ্বারা ব্যাংকে চার্জটি নির্ধারিত হয়েছিল সেদিন প্রযোজ্য ব্যাঙ্কে নির্ধারিত রূপান্তর হারে ভারতীয় রূপিতে রূপান্তরিত হওয়ার পর সমস্ত সীমান্ত-পারের (ক্রস-বর্ডার) লেনদেন কার্ডের সদস্যের অ্যাকাউন্টে আইএনআর (INR)-এ বিল করা হবে। সীমান্ত-পারের (ক্রস-বর্ডার) লেনদেনের রূপান্তরের ক্ষেত্রে চার্জ সংযোজিত হবে, যে বিষয়ে অন্যান্য ফি এবং চার্জসমূহে উল্লেখ করা হয়েছে। যদি মার্কিন ডলার ব্যতীত অন্য কোন মুদ্রায় লেনদেন করা হয়, সেক্ষেত্রে লেনদেনের অর্থ মাস্টারকার্ড/ভিসার নির্ধারিত রূপান্তর হারে প্রথমে মার্কিন ডলারে রূপান্তরিত হবে এবং তারপরে অন্যান্য ফি এবং চার্জসমূহে যেরূপ নির্দিষ্ট সে হিসাবে প্রযোজ্য চার্জগুলি ধার্য করার পরে ভারতীয় রূপিতে রূপান্তরিত হবে।

(iii) নগদ অগ্রিম (ক্যাশ অ্যাডভান্স) ফি

টাকা তোলা চার্জ	স্ল্যাট ফি: নগদ অর্থের 2.5% (ন্যূনতম টা. 500)
-----------------	--

কার্ড সদস্য ক্রেডিট কার্ড ব্যবহার করে ভারতের এবং/অথবা বিদেশে যে কোন এটিএম থেকে টাকা তোলা জন্য উল্লেখিত এটিএম (গুলি)- এর সাথে ক্রেডিট কার্ডের সামঞ্জস্য অনুযায়ী ক্রেডিট কার্ড ব্যবহার করতে পারেন।

উপরে উল্লিখিত নগদ টাকা তোলা চার্জ/লেনদেন ফি এই ধরনের সব টাকা তোলা উপর ধার্য করা হবে এবং পরবর্তী/আগামী বিবৃতিতে কার্ড সদস্যকে বিল দেওয়া হবে। ব্যাংকের একক বিবেচনার ভিত্তিতে লেনদেনের ফি পরিবর্তন সাপেক্ষ।

যদি সময়মতো নগদ টাকা তোলার জন্য সম্পূর্ণ অর্থ প্রদান না করা হয়, তাহলে লেনদেনের তারিখ থেকে প্রতি মাসে 3.99% বা বার্ষিক 47.88% হারে পর্যন্ত আর্থিক মূল্য (ফিনান্স চার্জ) নেওয়া হবে।

(iv) সুদমুক্ত (অতিরিক্ত) মেয়াদ - সচিব

পণ্য ও পরিষেবা কর (গুডস অ্যান্ড সার্ভিস ট্যাক্স)	18% - এর একটি আদর্শ হার ধার্য করা হবে
--	---------------------------------------

(v) সুদমুক্ত (অতিরিক্ত) মেয়াদ - সচিব উদাহরণ

সুদমুক্ত (অতিরিক্ত) মেয়াদ 20 থেকে 50 দিনের মধ্যে হতে পারে। তবে, যদি আগের মাসের অবশিষ্ট (ব্যালেন্স) পুরোপুরি পরিশোধ না করা হয়, তাহলে এই ধরনের অতিরিক্ত মেয়াদ প্রযোজ্য নয়।

উদাহরণ: কোনো অ্যাকাউন্টের স্টেটমেন্টের তারিখ 20/11/2016 হলে, তার জন্য অর্থ প্রদানের সময়সীমা (পেমেন্ট ডিউ ডেট) হবে 10/12/2016, যা স্টেটমেন্টের তারিখ থেকে 20 দিন, তাকে সুদমুক্ত অতিরিক্ত মেয়াদ (গ্রেস পিরিয়ড) বলা হয়।

(vi) পুনরাবৃত্তিকারী ধার (রিভলভিং ক্রেডিট) এবং নগদ অগ্রিম (ক্যাশ অ্যাডভান্স) উভয়ের জন্য আর্থিক মূল্য (ফিনান্স চার্জ)

অগ্রিম নগদ (ক্যাশ অ্যাডভান্স) সহ সব আর্থিক মূল্য (ফিনান্স চার্জ) - মাসিক শতকরা হারে পরিশোধযোগ্য, যে তারিখ থেকে প্রাইমারি কার্ডসদস্য এবং/অথবা অ্যাড-অন কার্ডসদস্য এই ধরনের খরচের লেনদেনগুলি করেছেন তা থেকে শুরু করে সম্পূর্ণ পরিশোধের তারিখ পর্যন্ত থেকে এই ধরনের চার্জ প্রদানযোগ্য। ডিম্যান্ড ড্রাফট, অন্যান্য ক্রেডিট কার্ড অ্যাকাউন্ট থেকে অর্থ স্থানান্তর (ব্যালেন্স ট্রান্সফার) -এর অর্ডারের ক্ষেত্রেও আর্থিক মূল্য (ফিনান্স চার্জ) সংযোজিত হয়। নগদ টাকা তোলা বা সমতুল্য তোলার তারিখ থেকে এবং ব্যাংকারের চেক ইস্যু করার তারিখ থেকে চার্জগুলি প্রযোজ্য, যেক্ষেত্রে যেমন। ক্রয়ের ক্ষেত্রে, অর্থ প্রদানের সময়সীমা (পেমেন্ট ডিউ ডেট) -এর ভেতরে মোট বকেয়া পরিশোধ না করলেই কেবলমাত্র আর্থিক মূল্য (ফিনান্স চার্জ) সংযোজিত হয়।

অন্যান্য ক্রেডিট কার্ড অ্যাকাউন্ট থেকে ব্যালেন্স ট্রান্সফারের ক্ষেত্রে, ব্যাংকারের চেক ইস্যুর তারিখ থেকে স্থানান্তরিত অর্থের উপরে এবং কার্ডসদস্যের কার্ড অ্যাকাউন্টে যদি কেনাকাটির জন্য কোনো অর্থ বকেয়া থাকে তাহলে তার উপরে অবিলম্বে আর্থিক মূল্য (ফিনান্স চার্জ) সংযোজিত হয়। প্রদেয় আর্থিক মূল্য (ফিনান্স চার্জ) প্রতিটি স্টেটমেন্ট পিরিয়ডের শেষ তারিখে আপনার কার্ড অ্যাকাউন্টের থেকে বাদ দেওয়া বা ডেবিট করা হয় এবং আপনার স্টেটমেন্ট তা দেখানো হয়। কার্ড অ্যাকাউন্টের বকেয়া সম্পূর্ণরূপে পরিশোধ না হওয়া পর্যন্ত এমনকি কার্ড অ্যাকাউন্ট বন্ধ হওয়ার পরেও উপরের আর্থিক মূল্য

(ফিনান্স চার্জ) প্রদানযোগ্য হবে। এই চার্জগুলি আপনার পেমেন্ট, উপযোগ, অভ্যন্তরীণ ঝুঁকি বিশ্লেষণ এবং সিবিএল (CIBIL) ইত্যাদির মত বাইরের সংস্থার স্কোরের ভিত্তিতে পরিবর্তন করা যেতে পারে।

A. প্রযোজ্য আর্থিক মূল্য (ফিনান্স চার্জ) 1 জুলাই থেকে কার্যকর

A1. সুবক্ষিত ক্রেডিট কার্ডে বকেয়া সুদ

সুবক্ষিত ক্রেডিট কার্ডে বকেয়া সুদ	প্রতি মাসে 3.35% অথবা বার্ষিক 40.20% হারে
------------------------------------	---

A2. অন্য সব ক্রেডিট কার্ডের উপর বকেয়া সুদ

বিভাগ A	প্রতি মাসে 3.35% বা বার্ষিক 40.20% হারে
বিভাগ B	প্রতি মাসে 3.45% বা বার্ষিক 41.40% হারে
বিভাগ C	প্রতি মাসে 3.65% বা বার্ষিক 43.80% হারে
বিভাগ D	প্রতি মাসে 3.85% বা বার্ষিক 46.20% হারে
বিভাগ E	প্রতি মাসে 3.99% বা বার্ষিক 47.88% হারে

আপনার অ্যাকাউন্টে প্রযোজ্য হারে যে কোনও পরিবর্তনের ক্ষেত্রে তা কার্যকর হওয়ার তারিখের কমপক্ষে 30 দিন আগে আপনার স্টেটমেন্টে আপনাকে জানানো হবে। যখনই আপনি আপনার জন্য প্রযোজ্য হার জানতে চাইবেন, অনুগ্রহ করে আমাদের কাস্টমার কেয়ার নম্বরে কল করুন 022 7119 0900

(vii) বকেয়া সুদের চার্জ - মাসিক এবং বার্ষিক ভিত্তিতে দেওয়া হবে

কার্ড সদস্যের বর্তমান বকেয়া ব্যালান্সের ভিত্তিতে, প্রতিদিনের শেষে দৈনিক ভিত্তিতে সুদ গণনা করা হয়। বিভিন্ন পরিকল্পনার জন্য সুদ আলাদাভাবে গণনা করা হয়। খুচরা লেনদেনের জন্য সুদ কেবল তখনই বকেয়া হয় যখন গ্রাহক অর্থ প্রদানের সময়সীমা (পেমেন্ট ডিউ ডেট)-এর ভেতরে তাঁর সম্পূর্ণ প্রারম্ভিক ব্যালান্স পরিশোধ করেন না। নিম্নলিখিত মানদণ্ডের অধীনে, গ্রাহকের সুদ ধার্য হবে না:

- বিবৃতি (স্টেটমেন্ট) -এর তারিখে প্রারম্ভিক ব্যালেন্স শূন্য.
- স্টেটমেন্ট তারিখে প্রারম্ভিক ব্যালেন্স শূন্য নয় কিন্তু কার্ডসদস্য তাঁর সম্পূর্ণ প্রারম্ভিক ব্যালেন্সের 100% অর্থপ্রদানের সময়সীমা (পেমেন্ট ডিউ ডেট) - এর ভেতরে পরিশোধ করেছেন। যদি নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধ করা না হয়, তাহলে বকেয়া সদস্যপদ ফি, এনএসএফ ফি, সুদ, পণ্য ও পরিষেবা কর, ওভার লিমিট এবং বিলম্বিত অর্থপ্রদান (লেট পেমেন্ট)ফি -তেও সুদ আরোপ করা হয়।

সুদের চার্জ গণনার উদাহরণ: যদি অর্থপ্রদানের সময়সীমার মধ্যে বকেয়া অর্থের শুধুমাত্র কিছু অংশ পরিশোধ করা হয়, তাহলে সুদের হিসাব নিচের সারণী অনুসারে হবে।

লেনদেন		
তারিখ	লেনদেন	অর্থের পরিমাণ
12ই ডিসেম্বর 2018	মুদ্রাখানার জিনিস কেনাকাটি	টা. 6,000/-
26ই ডিসেম্বর 2018	জামা-কাপড় কেনা	টা. 4,000/-
02-জানুয়ারী 2019	বিবৃতি (স্টেটমেন্ট) - এর তারিখ	মোট বাকি অর্থ : টা. 10,000/- ন্যূনতম বাকি অর্থ : টা. 500/-
10-জানুয়ারী 2019	হোটেলের লেনদেন	টা. 4,000/-
15-জানুয়ারী 2019	মোবাইলের বিলের অর্থপ্রদান	টা. 2,000/-
22-জানুয়ারী 2019	ক্রেডিট (ধার) - এর অর্থপ্রদান	টা. 500/-
02-ফেব্রুয়ারি 2019	বিবৃতি (স্টেটমেন্ট) - এর তারিখ	মোট বাকি অর্থ : টা. 16931.84/-** ন্যূনতম বাকি অর্থ : টা. 821.60/-

বকেয়া অর্থের উপরে নিম্নরূপে সুদ ধার্য হবে:

দৈনিক সুদ = বাকি অর্থ \times (3.99% \times 12 মাস) / 365 \times মোট বকেয়া অর্থ যার অন্তর্ভুক্ত বাকি অর্থ, নতুন ক্রয়, ধার্য সুদ (সুদের গণনার হিসাব নিচে সচিত্র দেওয়া হয়েছে) এবং সুদের উপর প্রযোজ্য পণ্য ও পরিষেবা কর।

সুদ গণনা

লেনদেনের অর্থের পরিমাণ	পিরিয়ড (নির্ধারিত সময়)	দিনের সংখ্যা	অর্থের পরিমাণ
টা. 6,000/-	12 ডিসেম্বর 2018 থেকে 21 জানুয়ারি 2021 পর্যন্ত	41	টা. 322.70/-
টা. 4,000/-	26 ডিসেম্বর 2018 থেকে 21 জানুয়ারি 2021 পর্যন্ত	27	টা. 141.67/-
টা. 4,000/-	10 জানুয়ারি 2019 থেকে 02 ফেব্রুয়ারি 2019 পর্যন্ত	24	টা. 125.93/-
টা. 2,000/-	15 জানুয়ারি 2019 থেকে 02 ফেব্রুয়ারি 2019 পর্যন্ত	19	টা. 49.84/-
টা.9,500 (টা.500 অর্থ প্রদানের পরে অবশিষ্ট ব্যালেন্স)	22 জানুয়ারি 2019 থেকে 02 ফেব্রুয়ারি 2019 পর্যন্ত	12	টা. 149.54/-

এইভাবে মোট সুদ ধার্য হয়েছে (ফিনান্স চার্জ + বিলম্বিত ফিনান্স চার্জ হবে: টা. 789.69/-

যেহেতু কার্ডসদস্য পূর্বের মাসের বকেয়া ব্যালেন্স পুরোপুরি পরিশোধ করেননি, তাই ভবিষ্যতে সমস্ত লেনদেনের ক্ষেত্রে লেনদেনের দিন থেকে সুদ বহন করবেন।

(viii) খেলাপি (ডিফল্টার) হওয়ার ক্ষেত্রে চার্জ

বিলম্বিত অর্থপ্রদানের ফি বা বাকি-পড়া অর্থ	মোট বকেয়া টাকার 15% (ন্যূনতম টা. 50/- এবং সর্বাধিক টা. 1,300/-)	
	1লা ফেব্রুয়ারি, 2023 থেকে কার্যকর, পরবর্তী বিলম্বিত অর্থপ্রদান চার্জের কাঠামো অনুসরণে প্রযোজ্য হবে।	
	মোট বাকি অর্থ	বিলম্বিত অর্থপ্রদানের ফি
	টা. 100 পর্যন্ত	শূন্য
	টা. 100 এর উপরে	টা. 12.5% এর উপরে সর্বোচ্চ টা. 1300/-

*15ই মে, 2023 থেকে কার্যকর, পরবর্তী বিলম্বিত অর্থপ্রদান চার্জের কাঠামো অনুসরণে প্রযোজ্য হবে।

বিলম্বিত অর্থপ্রদানের ফি (টা.)	
টা. 12.5% বাকি অর্থ	
ন্যূনতম টা. 5/-	সর্বোচ্চ টা. 1300/-

যদি কার্ডসদস্য কোনো অর্থপ্রদান (পেমেন্ট) না করেন অথবা অর্থপ্রদানের নির্ধারিত সময়সীমা(পেমেন্ট ডিউ ডেট)-এর ভেতরে ন্যূনতম বকেয়া অর্থের (মিনিমাম অ্যামাউন্ট ডিউ বা "এমএডি (MAD)") - এর থেকে কম অর্থ প্রদান করেন (সেক্ষেত্রে কার্ডসদস্যের কাছে বিলম্বিত অর্থপ্রদানের ফি (লেট পেমেন্ট ফি বা "এলপিএফ") ধার্য করা হয়। বিলম্বিত অর্থপ্রদানের ফি (লেট পেমেন্ট ফি) মোট বকেয়া টাকার 15% হারে নেওয়া হয়, যা সর্বনিম্ন টা. 50/- এবং সর্বাধিক টা. 1,300/-.

লেট পেমেন্ট ফি গণনা: ধরা যাক একটি অ্যাকাউন্টে বকেয়া মোট অর্থ (টোটাল অ্যামাউন্ট ডিউ বা "টিএডি") হল টা. 3,400/- এবং অর্থপ্রদানের নির্ধারিত সময়সীমা 4 আগস্ট 2016। যদি কার্ড সদস্য অর্থপ্রদানের নির্ধারিত তারিখে এমএডি (MAD) পরিশোধ না করেন, তাহলে বিলম্বিত অর্থপ্রদানের ফি (লেট পেমেন্ট ফি) টা. 510/- চক্রের তারিখে ধার্য করা হবে। এলপিএফ হল টিএডি-এর 15% অর্থাৎ $15\% \times \text{টা. } 3,400/- = \text{টা. } 510/-$. সুদের অর্থের উপরে প্রযোজ্য পণ্য ও পরিষেবা কর ধার্য করা হবে।

ওভারলিমিট জরিমানা

ওভারলিমিট জরিমানা	টা. 600/-
-------------------	-----------

যদি কার্ড অ্যাকাউন্টের বকেয়া অর্থ মোট বর্তমান সীমা অতিক্রম করে, সেক্ষেত্রে ওভারলিমিট জরিমানা করা হয়

B. টাকা তোলার সীমা

(i) ক্রেডিটের সীমা

এটি কার্ডধারকের জন্য নির্ধারিত সর্বোচ্চ সীমা। সব লেনদেন, ফি এবং চার্জ সহ আপনার মোট বকেয়া এই সীমা অতিক্রম করা উচিত নয়। ধারের সীমা (ক্রেডিট লিমিট) এবং টাকা তোলার সীমা (ক্যাশ উইথড্রয়াল লিমিট) প্রত্যেক কার্ডধারকের ক্ষেত্রে ভিন্ন হবে এবং কার্ডধারককে পাঠানো মাসিক বিবৃতিতে জানানো হবে।

(ii) লভ্য ক্রেডিট সীমা

যে কোনও সময়ে লভ্য ধার (ক্রেডিট)- এর সীমা হল সেই সময়ে কার্ডে নির্ধারিত মোট ক্রেডিট সীমা এবং ব্যবহার সীমার মধ্যে পার্থক্য। ধারের সীমা (ক্রেডিট লিমিট) এবং টাকা তোলা সীমা (ক্যাশ উইথড্রয়াল লিমিট) প্রত্যেক কার্ডধারকের ক্ষেত্রে ভিন্ন হবে এবং কার্ডধারককে পাঠানো মাসিক বিবৃতিতে জানানো হবে।

(iii) টাকা তোলা সীমা

(a) ব্যাংক তার একক বিবেচনার ভিত্তিতে আপনার ধার (ক্রেডিট)- এর এবং নগদ টাকা তোলা সীমা নির্ধারণ করবে এবং কার্ড ক্যারিয়ারে এবং মাসিক বিবৃতিতে তা জানাবে।

তবে আপনি একটি কম সীমার জন্য অনুরোধ করতে পারেন এবং এছাড়াও ফ্লেক্সি লিমিট বৈশিষ্ট্যের ভিত্তিতে অতিরিক্ত কার্ড সদস্যের জন্যও একটি নির্দিষ্ট ধার (ক্রেডিট)- এর সীমা বরাদ্দ হতে পারে। কার্ড অ্যাকাউন্টে অনুমোদিত ক্রেডিট সীমা ব্যাংকের নীতি অনুসারে পর্যালোচনার ভিত্তিতে সময়ে সময়ে সংশোধিত হতে পারে।

আপনার সব কার্ড অ্যাকাউন্টের মোট ক্রেডিট সীমা এবং লভ্য ক্রেডিট সীমা, স্টেটমেন্টে দেখানো হয় এবং আপনার অ্যাড অন কার্ড সহ আপনার সব কার্ড অ্যাকাউন্টের জন্য ব্যবহারের জন্য লভ্য থাকে। কার্ডের সীমা অতিক্রমকারী কোনো অনুমোদনকে মান্য না করতে ব্যাংক বাধ্য থাকবে।

(b) ক্রেডিট কার্ড অ্যাকাউন্টের বকেয়া কোনো সময়ই মোট ক্রেডিট সীমাকে অতিক্রম করতে হবে না, যা করতে ব্যর্থ হলে মোট ক্রেডিট সীমা অতিক্রমকারী অর্থের পরিমাণ নির্বিশেষে প্রযোজ্য ফি আপনার থেকে কেটে নেওয়া হবে। অতিরিক্ত পরিমাণ অর্থ অবিলম্বে পরিশোধ করতে হবে।

(c) আপনার কার্ড বাতিল হলে ক্রেডিট লিমিট এবং কার্ড অ্যাকাউন্ট বন্ধ হয়ে যাবে।

(d) যদি আপনি মাসিক বিবৃতি অনুসারে বকেয়া পরিমাণের উপরে এবং তার বেশি অর্থ প্রদান করেন, তাহলে আপনি ক্রেডিট ব্যালেন্সের উপরে সুদের অধিকারী হবেন না এবং পরবর্তী মাসিক বিবৃতিতে বকেয়া পরিমাণের সাথে এটি সমন্বয় (অ্যাডজাস্ট) করা হবে।

C. বিলিং

(i) **বিলিং স্টেটমেন্ট** - পর্যায়ক্রমিকতা এবং প্রেরণের পদ্ধতি অনুযায়ী আরবিএল ব্যাংক কার্ডসদস্যের নিবন্ধিত ইমেল ঠিকানায় বা ডাকযোগের ঠিকানায়, পেমেন্টের বিস্তারিত তথ্য এবং শেষ স্টেটমেন্টের তারিখ থেকে কার্ডসদস্যের অ্যাকাউন্টে বাদযাওয়া (ডেবিটেড) লেনদেন এবং জমা পড়া (ক্রেডিটেড) অর্থের বিস্তারিত তথ্য সমেত মাসিক স্টেটমেন্ট পাঠাবে।

কার্ডসদস্যের যোগাযোগের ঠিকানায় কোন পরিবর্তন হলে, কার্ডসদস্যকে অবিলম্বে ব্যাংকের সাথে যোগাযোগ করার পরামর্শ দেওয়া হয় যাতে কার্ডসদস্য নিয়মিত এবং সময়মত ক্রেডিট কার্ডের স্টেটমেন্ট পান।

(ii) **প্রদেয় ন্যূনতম পরিমাণ** - সমস্ত ব্যাংক ক্রেডিট কার্ড কার্ডসদস্যদের একটি পুনরাবৃত্তিকারী ধার (রিভলভিং ক্রেডিট)- এর সুবিধা দিতে পারে, যেখানে কার্ডসদস্য বিবৃতিতে নির্দেশিত ন্যূনতম বকেয়া অর্থ (মিনিমাম অ্যামাউন্ট ডিউ) বা এমএডি প্রদান করতে পারেন। কার্ডসদস্য বা এমএডি থেকে বকেয়া মোট অর্থ (টোটাল পেমেন্ট ডিউ বা টিএডি) কার্ডসদস্যকে অর্থপ্রদানের সময়সীমা (পেমেন্ট ডিউ ডেট) - এর ভেতরে বা তার আগে পাঠাতে হবে, যা স্টেটমেন্টেও জানানো হয়। এমএডি (MAD) হল ন্যূনতম পরিমাণ অর্থ যা আপনার কার্ড অ্যাকাউন্টকে ভালো ধারের অবস্থান (ক্রেডিট স্ট্যান্ডিং) -এ রাখার জন্য আপনাকে প্রদান করতে হবে। মোট বকেয়া অর্থের একটি শতকরা হিসাবে এমএডি (MAD) গণনা করা হয়। প্লাটিনাম অ্যাডভান্টেজ সুপারকার্ডের জন্য 20% অন্যান্য সুপারকার্ডের জন্য 5% (সর্বনিম্ন টা 200 এর শর্তসাপেক্ষে) + সেইমাসের নতুন EMI ব্যয় (ডেবিট) বা পূর্বের অন্য কোনো অপ্রদত্ত EMI ব্যয় (ডেবিট) + GST + আবেদন ফি + যে কোনও ওভারলিমিট + পূর্বে অপ্রদত্ত এমএডি।

কার্ড সদস্য যদি বকেয়া মোট অর্থ (টোটাল অ্যামাউন্ট ডিউ) -এর কিছু অংশ জমা দেন (যা কোন পরিস্থিতিতেই এমএডি থেকে কম নয়) বা এমএডি, তাহলে অবশিষ্ট বকেয়া প্রদেয় অর্থের পরিমাণ পরবর্তী বিবৃতিতে পাঠানো হবে। সম্পূর্ণ এবং চূড়ান্ত অর্থ প্রদানের তারিখ পর্যন্ত এই অর্থের উপরে আর্থিক মূল্য (ফিনান্স চার্জ) যোগ হবে। ন্যূনতম এমএডি-র অর্থপ্রদান না করার ক্ষেত্রে ব্যুরোর কাছে অ্যাকাউন্টটি বকেয়া-গ্রন্থ (ডেলিকোয়েন্ট) হিসাবে জানানো হবে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে প্রতি মাসে শুধুমাত্র ন্যূনতম পরিমাণ পরিশোধের ফলে কার্ড সদস্যের বকেয়া অবশিষ্ট (ব্যালেন্স) -এর উপরে দীর্ঘসময় ধরে অনুবর্তী সুদ (কনসিকোয়েন্ট ইন্টারেস্ট) -এর অর্থপ্রদান করে যেতে হবে।

উদাহরণ : যদি একজন কার্ড সদস্য টা 5000/- খরচ করেন এবং প্রতি মাসে ঠিক ন্যূনতম বকেয়া অর্থ পরিশোধ করেন, তাহলে এর ফলে বকেয়া অর্থের উপরে অনুবর্তী সুদ (কনসিকোয়েন্ট ইন্টারেস্ট) প্রদান সহ 6 বছরেরও বেশি সময় ধরে পরিশোধ করতে হতে পারে। অতএব, যখনই নগদ-টাকা প্রদান সম্ভব হয়, তখন কার্ড সদস্যের ন্যূনতম পরিমাণের তুলনায় উল্লেখযোগ্য বেশি পরিমাণে অর্থ ফেরত দেওয়া উচিত।

আরবিএল ব্যাংক, তার একক বিবেচনার ভিত্তিতে, যেকোনও সময়, কোনও পূর্ববিজ্ঞপ্তি প্রদান না করে, পূর্বোক্ত ধারায় যেমন বর্ণিত তা অনুসারে, কোনও কার্ডসদস্যের ক্ষেত্রে শুধুমাত্র এমএডি প্রদানের বিকল্পটি রদ করতে পারে। যতক্ষণ না পর্যন্ত আরবিএল ব্যাংক কর্তৃক অন্যান্যরূপে স্বীকৃত হচ্ছে, ততক্ষণ যেকোনও নির্দিষ্ট স্টেটমেন্টে উল্লেখিত অর্থের পরিপ্রেক্ষিতে কার্ডসদস্যের থেকে প্রাপ্ত যেকোনও অর্থপ্রদান এইরকম বকেয়ার জন্য পরবর্তী উপায়ে ব্যবহার করা হবে:

- (i) ট্যাক্স
- (ii) ইএমআই
- (iii) ফি এবং চার্জসমূহ
- (iv) সুদের চার্জসমূহ
- (v) খুচরো কেনাকাটি এবং নগদ টাকা তোলায় জন্য অর্থপ্রদান

তা ছাড়াও এখানে উপরে অন্তর্গত যেকোনও খিচ্ছু: (i) যদি আরবিএল ব্যাংক থেকে কার্ডসদস্যের দ্বারা অন্য কোনও সুবিধা নেওয়ার বিষয়ে, কার্ডসদস্য দ্বারা কোনও অর্থ প্রদেয় হয়ে থাকে সেক্ষেত্রে, আরবিএল ব্যাংক, তার বিবেচনায়, এই প্রকার অর্থপ্রদানকে বকেয়ার খাতে ব্যবহার করতে পারে। (ii) আরবিএল ব্যাংকের বিবেচনার ভিত্তিতে ব্যবহার করার ক্রমে সংশোধন হতে পারে। অতিরিক্ত অর্থ, যদি এইরকমের ব্যবহার করার পরে কিছু থেকে থাকে, সেক্ষেত্রে তা, সেই অর্থের পরিপ্রেক্ষিতে ব্যবহার করা হবে, যা আরবিএল ব্যাংক দ্বারা উৎপন্ন ঠিক পরবর্তী স্টেটমেন্টে উল্লেখ করা হবে।

(iii) অর্থপ্রদানের পদ্ধতি

কার্ডধারীর একটি ব্যাংকে অর্থ প্রদানের জন্য শুধুমাত্র নিম্নলিখিত কার্যকর অর্থপ্রদানের পদ্ধতিগুলির সুবিধা রয়েছে:

1. আরবিএল মাইকার্ড মোবাইল অ্যাপ ব্যবহার করে অর্থ প্রদান করুন:

আপনি আরবিএল মাইকার্ড মোবাইল অ্যাপ ব্যবহার করে আপনার সুবিধা অনুসারে অর্থ প্রদান করতে পারেন। অন্য ব্যাংক অ্যাকাউন্ট ব্যবহার করে আপনি আপনার অ্যাকাউন্ট পরিচালনা করতে পারেন এবং তাৎক্ষণিক আপনার কার্ডে অর্থ প্রদান করতে পারেন। মাইকার্ড ডাউনলোড করতে 5607011 নম্বরে এসএমএস করুন।

2. NEFT পেমেন্ট:

আপনি অন্য কোন ব্যাংকে আপনার অ্যাকাউন্ট ব্যবহার করে অনলাইনে আপনার ক্রেডিট কার্ডের অর্থপ্রদান করতে পারেন। NEFT পেমেন্ট করার সময় অনুগ্রহ করে নিচের প্রাপকের বিস্তারিত তথ্য নির্বাচন করুন:

প্রাপকের নাম - আপনার আরবিএল ব্যাংক ক্রেডিট কার্ডে যে নামটি দেখা যাচ্ছে

প্রাপকের অ্যাকাউন্ট নম্বর - আরবিএল ব্যাংক ক্রেডিট কার্ডের নম্বর ব্যাংকের নাম - আরবিএল ব্যাংক

আইএফএসসি কোড - RATN0CRCARD

শাখার অবস্থান - এনওসি গোরেগাঁও, মুম্বাই

3. নেট ব্যাংকিং:

আপনার কার্ডের জন্য অর্থ প্রদান করতে আপনি আপনার বিদ্যমান RBL ব্যাংক অ্যাকাউন্টের অনলাইন নেট ব্যাংকিং বিকল্প ব্যবহার করতে পারেন।

4. RBL ব্যাংকের শাখায় পেমেন্ট:

আপনি আপনার শহরে নিকটতম যে কোন RBL ব্যাংকের শাখায় যেতে পারেন এবং আপনার RBL ব্যাংক ক্রেডিট কার্ডের অর্থ প্রদান করতে পারেন। RBL ব্যাংকের শাখায় আপনি - চেক পেমেন্ট - করতে পারেন, অনুগ্রহ করে চেকটি আরবিএল ব্যাংক কার্ড <16 সংখ্যার কার্ড নং.> - এর অনুকূলে লিখুন।

নগদ অর্থ প্রদান: আপনার আরবিএল ব্যাংক ক্রেডিট কার্ডের খাতে নগদ অর্থ প্রদান RBL ব্যাংকের সকল শাখায় গ্রহণ করা হয়।

5. স্ট্যান্ডিং ইনস্ট্রাকশন / NACH এর মাধ্যমে অর্থ প্রদান:

কার্ড সদস্য তাঁর ক্রেডিট কার্ডে স্ট্যান্ডিং ইনস্ট্রাকশন(SI)/ন্যাশনাল অটোমেটেড ক্লিয়ারিং হাউস (NACH) বেছে নিতে পারেন।

টোটাল অ্যামাউন্ট ডিউ (TAD) অথবা মিনিমাম অ্যামাউন্ট ডিউ (MAD) এর জন্য SI/NACH হতে পারে। উল্লেখনীয় যে SI/NACH সম্পাদনের জন্য অর্থ, ক্রেডিট (গ্রাহক-প্রবর্তিত পেমেন্ট, মার্চেন্ট রিফান্ড, পুরস্কার খালাস (রিওয়ার্ড রিডেম্পশন) ক্রেডিট/ক্যাশ ব্যাক, চার্জ রিভার্সাল, ইত্যাদি যদি থাকে) এবং ডেবিট (পেমেন্ট রিভার্সাল) - এর হিসাব গণনার পরবর্তীতে প্রয়োগ করা হয় এবং তা অর্থপ্রদানের নির্ধারিত সময়সীমার তারিখের পূর্বে একটি কার্যদিবস পর্যন্ত শেষ বিল/ স্টেটমেন্টের পরে অ্যাকাউন্টে প্রাপ্ত হয়। SI/NACH সম্পাদন এই যুক্তিতে কাজ করে যে হয় এমএডি (MAD) - এর ন্যূনতম অথবা TAD এবং ক্রেডিটের মধ্যে পার্থক্য সম্পাদিত হবে।

এসআই সম্পাদনের অর্থের পরিমাণ নির্ধারণে গ্রাহক দ্বারা সূচিত অর্থপ্রদান মূল ভূমিকা পালন করে। যদি TAD এর জন্য NACH/SI অর্থপ্রদানের নির্দেশনা দেওয়া হয়ে থাকে।

• বকেয়া মোট অর্থ(টোটাল অ্যামাউন্ট ডিউ) এবং ক্রেডিট/ডেবিটের নেট (কোন গ্রাহক সূচিত পেমেন্ট না থাকলে) যদি বকেয়া মোট অর্থের সমান বা বেশি হয়, সেক্ষেত্রে ন্যূনতম বকেয়া অর্থের (এমএডি) - এর জন্য SI/NACH সম্পাদন করা হয়।

যদি বকেয়া মোট অর্থ এবং ক্রেডিট/ডেবিটের নেট (পেমেন্ট থাকলে) মোট বকেয়া পরিমাণের সমান বা কম হয়, সেক্ষেত্রে ন্যূনতম বকেয়া অর্থ (এমএডি) এবং প্রাপ্ত অর্থের মোট পার্যাক্যের জন্য SI/NACH সম্পাদন করা হবে যদি পার্যাক্যটি শূন্যের বেশি হয়।

NACH/SI দ্বারা অর্থ প্রদানের ক্ষেত্রে যদি প্রদানের নির্ধারিত তারিখ ছুটির দিন হয়, NACH/SI পূর্ববর্তী কার্যদিবসে পেশ করা হবে।

পেমেন্টের নির্ধারিত তারিখের মধ্যে অর্থ প্রাপ্তি নিশ্চিত করার জন্য চেকের মাধ্যমে কমপক্ষে 3 দিন আগে অর্থপ্রদান করতে হবে।

উদাহরণ :					
অর্থপ্রদানের নির্দেশের প্রকার	প্রেক্ষাপট	টিএডি	এমএডি	গ্রাহক পেমেন্ট শুরু করেছেন	SI/NACH সম্পাদন
এমএডি	A	2000	200	0 (অর্থপ্রদান-হীন)	200
এমএডি	B	2000	200	100 (পেমেন্ট = এমএডি)	100
এমএডি	C	2000	200	200 (পেমেন্ট = এমএডি)	0
এমএডি	D	2000	200	400	0
এমএডি	E	2000	200	1600	0
এমএডি	F	2000	200	1900	0
এমএডি	G	2000	200	>=2000	0

যদি MAD - এর জন্য অর্থপ্রদানের নির্দেশ (NACH/SI) হয়-

• বকেয়া মোট অর্থ(টোটাল অ্যামাউন্ট ডিউ) এবং ক্রেডিট/ডেবিটের নেট (কোন গ্রাহক সূচিত পেমেন্ট না থাকলে) যদি বকেয়া মোট অর্থের সমান বা কম হয়, সেক্ষেত্রে ন্যূনতম বকেয়া অর্থের (এমএডি) - এর জন্য SI সম্পাদন করা হয়।

• যদি বকেয়া মোট অর্থ এবং ক্রেডিট/ডেবিটের নেট (পেমেন্ট থাকলে) মোট বকেয়া পরিমাণের সমান বা কম হয়, সেক্ষেত্রে ন্যূনতম বকেয়া অর্থ (এমএডি) এবং প্রাপ্ত অর্থের মোট পার্যাক্যের জন্য SI সম্পাদন করা হবে যদি পার্যাক্যটি টা.

উদাহরণ :					
অর্থপ্রদানের নির্দেশের প্রকার	প্রেক্ষাপট	টিএডি	এমএডি	গ্রাহক পেমেন্ট শুরু করেছেন	SI/NACH সম্পাদন
টিএডি	A	2000	200	0 (অর্থপ্রদান-হীন)	2000
টিএডি	B	2000	200	500 (পেমেন্ট < টিএডি)	1500
টিএডি	C	2000	200	1500 (পেমেন্ট < টিএডি)	500
টিএডি	D	2000	200	>=2000	0

(iv) বিলিং বিতর্ক নিষ্পত্তি

বিবৃতির সমস্ত বিষয়বস্তু কার্ডসদস্যদের দ্বারা সঠিক এবং গ্রহণযোগ্য বলে গণ্য হবে যদি না, বিবৃতি প্রদানের 30 দিনের মধ্যে, কার্ডসদস্যগণ আরবিএল ব্যাংককে কোন অসঙ্গতি সম্পর্কে লিখিতভাবে অবহিত না করেন। মাস্টারকার্ড/ভিসা প্রবিধান অনুসারে, অসঙ্গতির ক্ষেত্রে, আপনার পক্ষ থেকে চার্জ বিতর্ক (চার্জ ডিসপিউট) শুরু করার জন্য ব্যাংককে লিখিতভাবে অবহিত করা বাধ্যতামূলক।

আমরা আপনাকে ইমেল করার অথবা আমাদের ওয়েবসাইটে লভ্য স্বাক্ষরিত বিতর্ক (ডিসপিউট) ফর্মটি পাঠানোর জন্য অনুরোধ করব

<https://www.rblbank.com/download-forms/credit-cards>.

যদি উল্লিখিত অসঙ্গতিগুলি প্রাথমিকভাবে ব্যাংকের দ্বারা বৈধ বলে মনে করা হয়, তাহলে ব্যাংক কর্তৃক তার সম্পূর্ণ এবং চূড়ান্ত

সম্পত্তির জন্য পরবর্তী তদন্ত শেষ না হওয়া পর্যন্ত ব্যাংক সাময়িক

ভিত্তিতে চার্জ প্রত্যাহার করতে পারে। যদি ব্যাংকের দ্বারা পরিচালিত উক্ত তদন্তগুলি নির্দেশ করে যে এই ধরনের (অসঙ্গতিপূর্ণ)

চার্জের দায় উল্লিখিত কার্ডসদস্যদের উপর বর্তাচ্ছে, তাহলে পরবর্তী

বিবৃতিতে চার্জটি পুনর্বহাল হবে এবং উপরে উল্লিখিত চার্জ অনুসারে ব্যাংক কর্তৃক ফি/চার্জ দাবি করা হবে। এখানে প্রদত্ত এই বিধানগুলি

সঙ্গেও, ব্যাংক কর্তৃক পরিচালিত তদন্তের ফলাফল উক্ত কার্ড সদস্যদের জানানোর ক্ষেত্রে ব্যাংক 60 দিনের বেশি মেয়াদ নেবে না।

(v) কার্ড প্রদানকারীর কল সেন্টারের যোগাযোগের বিবরণ

কার্ডসদস্য যেকোনো জিজ্ঞাসাবাদ এবং/অথবা কোনো উদ্বেগের প্রতিকারের জন্য নিচের যেকোনো যোগাযোগ মাধ্যমের মাধ্যমে ব্যাংকের সাথে যোগাযোগ করতে পারেন।

- 24 ঘন্টা গ্রাহক পরিষেবা নম্বর 22-71190900
- ইমেলের মাধ্যমে, supercardservice@rblbank.com- এ একটি ই-মেল পাঠানোর মাধ্যমে
- ব্যাংকের ক্রেডিট কার্ড বিভাগের ম্যানেজারকে এই ঠিকানায় লিখে চিঠি পাঠাতে পারেন - ম্যানেজার- ক্রেডিট কার্ড সার্ভিস, আরবিএল ব্যাংক জেএমডি মেগাপলিস, ইউনিট নং 306-11, 3য় তল, সোহনা রোড, সেক্টর 48, গুড়গাঁও, হরিয়ানা- 122 018।

(vi) অভিযোগের নিষ্পত্তির জন্য উপরমহলে প্রেরণ - যেসব আধিকারিকদের সাথে যোগাযোগ করতে হবে তাঁদের যোগাযোগের বিস্তারিত তথ্য

আরবিএল ব্যাংকে, আপনাকে সর্বোচ্চ ক্রমের পরিষেবা প্রদান করার জন্য আমাদের নিরন্তর প্রচেষ্টা করি। তবে, যদি আমাদের পরিষেবাগুলি আপনার প্রত্যাশা পূরণ না করে, সে বিষয়ে আমরা আপনার কাছ থেকে শুনতে চাই। নিম্নোক্ত প্রণালীগুলি অভিযোগ নিষ্পত্তির জন্য লভ্য:

পর্যায় 1

গ্রাহক সেবা - অনুগ্রহ করে আমাদের 24 ঘন্টা গ্রাহক পরিষেবা নম্বরে 022-7119 0900 এ কল করুন এবং আমাদের এম্বিকিউটিভ আপনাকে সহায়তা করবেন

অভিযোগ ফর্ম - বিকল্পরূপে, আপনি আমাদের মতামত দিতে আমাদের অনলাইন অভিযোগ ফর্ম ব্যবহার করতে পারেন

ইমেল - আপনি যদি ব্যাংকের সাথে যোগাযোগের জন্য ইলেকট্রনিক মেইল বেছে নিতে চান, তাহলে অনুগ্রহ করে আপনার অভিযোগ supercardservice@rblbank.com - এ ইমেল করুন

চিঠি - কোন লিখিত চিঠিপত্র পাঠানোর জন্য, অনুগ্রহ করে নিম্নলিখিত ঠিকানায় লিখুন:

ম্যানেজার - ক্রেডিট কার্ড সার্ভিস, আরবিএল ব্যাংক জেএমডি মেগাপলিস, ইউনিট নং 306-11, তৃতীয় তলা, সোহনা রোড, সেক্টর 48, গুড়গাঁও, হরিয়ানা - 122018।

আপনার প্রশ্নের প্রকৃতি এবং সমাধানের জন্য প্রয়োজনীয় সময়ের এবং যোগাযোগের উপর নির্ভর করে আমরা আপনার চিঠি বা ইমেল পাওয়ার 10 দিনের মধ্যে আপনাকে উত্তর জানাব। আপনার চিন্তা নিরসনের সহায়তা করার জন্য অনুগ্রহ করে আমাদের কাছে লিখিতভাবে নিম্নলিখিত বিস্তারিত তথ্য প্রদান করুন।

1. আপনার সম্পূর্ণ নাম

2. আপনার যোগাযোগের বিস্তারিত তথ্য (ঠিকানা, টেলিফোন নম্বর এবং ইমেল)

আমাদের আপনার উদ্বেগ বুঝতে এবং সমাধান করতে সাহায্য করার জন্য, অনুগ্রহ করে আপনার অ্যাকাউন্ট নম্বর/ ক্রেডিট কার্ড নম্বর সহ আপনার পূর্বের কথোপকথনে আপনাকে প্রদত্ত রেফারেন্স নম্বরটি উদ্ধৃত করুন।

পর্যায় 2 (পর্যায় 1 এ সন্তুষ্ট না হলে)

যদি আপনাকে প্রদত্ত উত্তরে আপনি সন্তুষ্ট না হন অথবা যদি আপনি 10 দিনের ভেতরে কোনও উত্তর না পেয়ে থাকেন, সে ক্ষেত্রে অনুগ্রহ করে রেফারেন্স নম্বরটি উদ্ধৃত করে আপনার অভিযোগ উপরমহলে প্রেরণ করুন। আপনি হেড ক্রেডিট কার্ড সার্ভিসেস - কে ইমেল করতে অথবা লিখতে পারেন এবং 10 দিনের ভেতরে উত্তর দেওয়া হবে।

ইমেল - আপনি যদি ব্যাংকের সাথে যোগাযোগের জন্য ইলেকট্রনিক মেইল বেছে নিতে চান, তাহলে অনুগ্রহ করে আপনার অভিযোগ headcardservice@rblbank.com - এ ইমেল করুন

চিঠি - হেড - কার্ড সার্ভিসেস. আরবিএল ব্যাংক লিমিটেড, কার্ড অপারেটিং সেন্টার - COC, জেএমডি মেগাপোলিস, ইউনিট নং 306-311, 3য় তলা, মোহনা রোড, সেক্টর 48, গুডগাঁও, হরিয়ানা-122 122018

পর্যায় 3 (পর্যায় 2 এ সন্তুষ্ট না হলে)

যদি আপনাকে প্রদত্ত সমাধানে আপনি এখনও সন্তুষ্ট না হন অথবা যদি আপনি 10 দিনের ভেতরে কোনও উত্তর না পেয়ে থাকেন, সে ক্ষেত্রে আপনি প্রিন্সিপাল নোডাল অফিসার, শ্রী বিকাশ নিগমের সাথে যোগাযোগ করতে পারেন-:

প্রাপক,

প্রিন্সিপাল নোডাল অফিসার, আরবিএল ব্যাংক - শ্রী বিকাশ নিগম
- ফোন করুন 022-71432700

ডাকযোগের ঠিকানা আরবিএল ব্যাংক, জেএমডি মেগাপোলিস,
ইউনিট নং 306-11, 3য় তলা, মোহনা রোড, সেক্টর 48,
গুডগাঁও, হরিয়ানা-122 -122018
principalnodalofficer@rblbank.com

আমাদের প্রিন্সিপাল নোডাল অফিসার দিনের ভেতরে সমস্যাটি
আপনার পক্ষে সন্তোষজনক রূপে সমাধান করার প্রয়াস করবেন।
যে ক্ষেত্রে অভিযোগটি পরীক্ষা করার জন্য বেশি সময় লাগবে,
সে ক্ষেত্রে উত্তর দেওয়ার বেশি সময়ের প্রয়োজন ব্যাখ্যা করে
অভিযোগটির প্রাস্তিস্বীকার করা হবে।

পর্যায় 4 (পর্যায় 3 - এ সন্তুষ্ট না হলে) ব্যাংকিং ন্যায্যপাল (ওষুডসম্যান)

যদি প্রিন্সিপাল নোডাল অফিসারের উত্তর আপনার অভিযোগের
প্রতিকার করতে ব্যর্থ হয় অথবা যদি আপনি 10 দিনের ভেতরে
কোনও উত্তর না পেয়ে থাকেন, সে ক্ষেত্রে রিজার্ভ ব্যাংক অথও
ন্যায্যপাল যোজনা, 2021 (RBIOS, 2021) - এর অধীনে রিজার্ভ
ব্যাংকের অথও ন্যায্যপালকে লিখে জানাতে পারেন। ব্যাংকিং ন্যায্যপাল
সম্পর্কে আরো বিস্তারিত জানার জন্য আপনি এখানে দেখতে পারেন:

<https://secweb.rbi.org.in/BO/precompltindex.htm>.

বাজার ফিনসার্ভ আরবিএল ব্যাংকের গ্রাহকের ক্ষতিপূরণ নীতিটি
এখানে দেখা যেতে পারে

rblbank.com/pdf-pages/bank-policies

(vii) কার্ড প্রদানকারী ব্যাংকের ডাকযোগের সম্পূর্ণ ঠিকানা:

ক্রেডিট কার্ড সার্ভিস, আরবিএল ব্যাংক জেএমডি মেগাপলিস,
ইউনিট নং 306-11, তৃতীয় তলা, মোহনা রোড, সেক্টর 48,
গুডগাঁও, হরিয়ানা - 122018।

(viii) গ্রাহক পরিষেবার নম্বর:

24 ঘন্টা গ্রাহক পরিষেবা নম্বর 022-7119 0900

(D) খেলাপ (ডিফল্ট) পরিস্থিতি

(i) কার্ডধারককে খেলাপি(ডিফল্টার) হিসেবে রিপোর্ট করার বিজ্ঞপ্তির মেয়াদ সহ পদ্ধতি:

খেলাপ(ডিফল্ট) হলে, কার্ড সদস্যকে ক্রেডিট কার্ড অ্যাকাউন্টে
যেকোনো বকেয়া অর্ধের নিষ্পত্তির জন্য পরবর্তী কোনও একটি
রীতির মাধ্যমে সময়ে সময়ে রিমাইন্ডার পাঠানো হবে: ডাকযোগে,
টেলিফোনে, ই-মেলে, এসএমএস বার্তায় এবং/অথবা মনে করিয়ে

দেওয়া, কথাবার্তা বলা এবং বকেয়া আদায় করার জন্য তৃতীয় পক্ষকে নিযুক্ত করার মাধ্যমে। এভাবে নিযুক্ত যে কোনো তৃতীয় পক্ষ, সময়ে সময়ে প্রযোজ্য ঋণ আদায়ের আচরণবিধির সম্পূর্ণরূপে পালন করবে। নিম্নলিখিত এক বা একাধিক ঘটনা ঘটানোর ক্ষেত্রে খেলাপ (ডিফল্ট) – এর একটি ঘটনা গঠিত হবে এবং সেক্ষেত্রে ব্যাংক তার নিজস্ব বিবেচনার ভিত্তিতে ক্রেডিট কার্ড সুবিধা প্রত্যাহার করতে পারে। খেলাপের ঘটনাগুলি নিম্নরূপ:

- কার্ডসদস্য ধারাবাহিকভাবে 180 দিনের নির্ধারিত সময়ের মধ্যে ব্যাংকের কাছে কোন বকেয়া অর্থ প্রদান করতে ব্যর্থ হলে।

- কার্ড সদস্যের চুক্তি অনুযায়ী বাধ্যবাধকতা পালনে কার্ডসদস্য ব্যর্থ হলে।

- ব্যাংককে দেওয়া কোনো চেক এবং/অথবা NACH/স্ট্যান্ডিং ইনস্ট্রাকশন যেকোনো কারণে পেশ করা /তৈরি করা যাই হোক না কেন নগদীকরণ না করা গেলে/কাজ না করা গেলে।

- কার্ডসদস্যের দ্বারা পেশ করা যেকোনো কিছু ভুল, মিথ্যা বা অসম্পূর্ণ হিসাবে প্রমাণিত হলে, যার অন্তর্গত কিন্তু এতেই সীমিত নয় আয় এবং/অথবা সনাক্তকরণ কাগজপত্র/নথিপত্র যা ব্যাংকে পাঠানো হয় তা ভুল, অসম্পূর্ণ এবং/অথবা মিথ্যা প্রতারণামূলক তথ্যসম্বলিত হিসাবে প্রমাণিত হলে।

(ii) খেলাপ (ডিফল্ট) –এর রিপোর্ট প্রত্যাহারের পদ্ধতি এবং বকেয়া নিষ্পত্তির পর যে সময়ের মধ্যে খেলাপ (ডিফল্ট) –এর রিপোর্টটি প্রত্যাহার করা হবে:

- আলোচ্য খেলাপি ব্যক্তি তাঁর সম্পূর্ণ বকেয়া অর্থ ব্যাংকের সাথে নগদীকরণ করেছেন অথবা ব্যাংকের সাথে তাঁর বকেয়ার নিষ্পত্তি করলে

- ব্যাংকের বিরুদ্ধে বা ব্যাংকের দ্বারা দায়ের করা কোনো আইনি মামলায় ব্যাংকের বিরুদ্ধে আদালতের রায় প্রাপ্ত হলে, যেখানে ব্যাংককে ডিফল্ট রিপোর্ট থেকে কার্ডসদস্যকে তালিকামুক্ত করার নির্দেশ দেওয়া হয়েছে। ব্যক্তিগত পর্যালোচনার ভিত্তিতে মকদমা (কেস) বিশেষে পৃথক সিদ্ধান্ত নেওয়া হয়ে থাকে।

(iii) খেলাপ (ডিফল্ট) –এর ক্ষেত্রে পুনরুদ্ধারের প্রক্রিয়া:

খেলাপ (ডিফল্ট) –এর ক্ষেত্রে পুনরুদ্ধারের প্রক্রিয়া ডিফল্টের ক্ষেত্রে, সময়ে সময়ে সংশোধিত মধ্যস্থতা ও মীমাংসা আইন, 1996 এর

প্রবিধানের অধীনে ব্যাংকের একজন মনোনীত আধিকারিক দ্বারা নিযুক্ত, একজন একক মধ্যস্থতাকারীর কাছে বিতর্কটি প্রেরণের মাধ্যমে ব্যাংক সেই অর্থ পুনরুদ্ধার করতে পারে। দিল্লি, ভারতে মধ্যস্থতাটি করা হবে। মধ্যস্থতার মোকদ্দমা ইংরেজী ভাষায় হবে।

(iv) কার্ডসদস্যের মৃত্যু/ স্থায়ী অক্ষমতার ক্ষেত্রে বকেয়া পুনরুদ্ধার:

কার্ডসদস্যের মৃত্যুতে বা স্থায়ীভাবে অক্ষমতার ক্ষেত্রে, ব্যাংক বকেয়া অর্থ পুনরুদ্ধার করার চেষ্টা করবে এবং কার্ডসদস্যের আইনি উত্তরাধিকারীর সাথে অ্যাকাউন্টের বকেয়া সুর্তুভাবে নিষ্পত্তি করবে।

(v) কার্ডধারকের জন্য লভ্য বীমা আওতা (কভার) এবং পলিসি

সক্রিয়করণের তারিখ

কার্ডসদস্য/ গ্রাহকের জন্য ক্রেডিট কার্ডের একটি বীমা নীতি আছে যা কার্ডসদস্য চুক্তির নিয়ম ও শর্তাবলীতে উল্লেখ করা হয়েছে। নীতিটি ব্যাংকে ক্ষতির বিষয়ে রিপোর্ট করার 1 দিন পূর্বে এবং ব্যাংকে ক্ষতির বিষয়ে রিপোর্ট করার 7 দিনের পরের মধ্যে সংঘটিত ক্ষতির আওতা (কভার) দেয়। যত তাড়াতাড়ি সম্ভব ব্যাংককে দাবি জানাতে হবে।

(E) কার্ডসদস্যতার অবসান / প্রত্যাহার

(i) কার্ডধারক কর্তৃক কার্ড সমর্পণের পদ্ধতি- যথাযথ বিজ্ঞপ্তি

(a) সব ক্রেডিট কার্ড (কার্ডগুলি) ম্যাগনেটিক স্ট্রিপ) বরাবর আড়াআড়িভাবে অর্ধেক কেটে নিয়ে, যার সাথে ব্যাংকে ক্রেডিট কার্ড (গুলি) ফেরত দিয়ে, হয় লিখিত অনুরোধ করে অথবা ব্যাংকের 24 ঘন্টা গ্রাহক পরিষেবা হেল্পলাইনে ফোন করে ক্রেডিট কার্ড (গুলি) এর সাথে সম্পর্কিত সমস্ত সুবিধা এবং সুবিধাগুলি বন্ধ করার অনুরোধ করে কার্ডের সদস্য যেকোনো সময় এই চুক্তিটি সমাপন করে দিতে পারেন। প্রাইমারি কার্ডের সদস্য ব্যাংকে লিখিতভাবে অবহিত করে অতিরিক্ত কার্ডের ব্যবহার বাতিল করতে পারেন কিন্তু তা সত্ত্বেও, প্রাথমিক কার্ড সদস্য অতিরিক্ত ক্রেডিট কার্ড (গুলি) ব্যবহার করার জন্য যে সমস্ত চার্জ এবং ফি নেওয়া হবে তার জন্য দায়বদ্ধ থাকবেন। কোন বার্ষিক ফি এবং/অথবা অন্যান্য চার্জ আনুপাতিক ভিত্তিতে ফেরত দেওয়া হবে না। ব্যাংক, তার বিবেচনার ভিত্তিতে যেকোনও সময় কোনও কারণ না দর্শিয়ে এবং কোনও পূর্ববিজ্ঞপ্তি না দিয়েই ক্রেডিট কার্ডের সুবিধা অথবা যেকোনও সময় ব্যবহার সীমিত করতে পারে। যেক্ষেত্রে ব্যাংক ক্রেডিট কার্ডের সুবিধা বন্ধ করে দেয়, সেক্ষেত্রে কার্ড অ্যাকাউন্টে বকেয়া সব অর্থ (চার্জ অথবা অগ্রিম নগদ (ক্যাশ অ্যাডভান্স)

সহ যা তখনও বাদ দেওয়া (ডেবিট) হয়নি) অবিলম্বে প্রাপ্য এবং পরিশোধযোগ্য হয়ে যাবে। ব্যাংক বাতিলকৃত ক্রেডিট কার্ডের সকল প্রতিষ্ঠানকে (যেখানে ক্রেডিট কার্ড বৈধ/ গ্রহণযোগ্য) অবহিত করতে পারে। যদি ক্রেডিট কার্ড বাতিল হয়ে যায়, কার্ড সদস্য অবশ্যই এটিকে আড়াআড়িভাবে অর্ধেক করে কেটে দেবেন এবং উভয় অর্ধাংশ অবিলম্বে ব্যাঙ্কে ফেরত দেবেন। কোন বার্ষিক ফি বা অন্যান্য চার্জ আনুপাতিক ভিত্তিতে ফেরত দেওয়া হবে না।

(b) যদি কার্ডসদস্য তাঁর চাকরি, পেশা বা ঠিকানা পরিবর্তন করেন বা তাঁর বর্তমান কাজের জায়গা থেকে স্থানান্তরিত হন, অথবা তার/তার বেতন অ্যাকাউন্ট/প্রধান ব্যাঙ্ক অ্যাকাউন্ট ইত্যাদি পরিবর্তন করেন (ঘটনা অনুযায়ী), ব্যাংক তার একক বিবেচনার ভিত্তিতে ক্রেডিট কার্ড সুবিধা বন্ধ করার অধিকার সংরক্ষণ করে। কার্ডসদস্য বিশেষভাবে স্বীকার করছেন যে একবার ক্রেডিট কার্ড অ্যাকাউন্ট বাতিল/বন্ধ হয়ে গেলে, ক্রেডিট কার্ডের বিশেষাধিকারগুলি (সমস্ত সুবিধা, পরিষেবা এবং পুরস্কার পয়েন্ট সহ) প্রত্যাহার করে নেওয়া হবে এবং এই ধরনের বিশেষাধিকারগুলি পুনঃস্থাপন স্বয়ংক্রিয় নয় এবং এটি সম্পূর্ণভাবে ব্যাংকের বিবেচনায় ঘটবে।

ক্রেডিট কার্ড বাতিল করার ত্রে (যে কোনো কারণে), কার্ডসদস্য:

- অবশ্যই ক্রেডিট কার্ডটি ব্যবহার করবেন না, আড়াআড়িভাবে কার্ড-টি অর্ধেক করে কেটে ব্যাংকে ফেরত দেবেন।
- আড়াআড়িভাবে কার্ডটি অর্ধেক করে কেটে ব্যাংকে ব্যাংকে ফেরত না দেওয়া পর্যন্ত চার্জ প্রদান সহ কার্ডের যেকোনো ব্যবহারের জন্য দায়ী থাকবেন।
- ক্রেডিট কার্ড ব্যবহারের শর্ত অনুযায়ী অবশ্যই ব্যাংকে অর্থপ্রদান অব্যাহত রাখবেন।

(c) যদি কার্ডের সদস্যের(সদস্যদের) ক্রেডিট কার্ড 90 দিনের বেশি ব্যবহার করা না হয় বা কখনই ব্যবহার না করা হয়, তাহলে এর সুবিধাগুলি প্রত্যাহার করা হতে পারে।

(ii) দীর্ঘদিন নিষ্ক্রিয় থাকার কারণে কার্ড বন্ধ হয়ে যাওয়া

আরবিআই নির্দেশিকা অনুযায়ী বছর সময়কাল ধরে ক্রেডিট কার্ডের ব্যবহার না হওয়ার ফলে ক্রেডিট কার্ড স্থায়ীভাবে বন্ধ হয়ে যাবে। 1 বছরের বেশি সময় ধরে নিষ্ক্রিয়তার ক্ষেত্রে, ব্যাংক 30 দিনের বিজ্ঞপ্তির সময়কালের শেষে কার্ড স্থায়ীভাবে বন্ধ করার আগে প্রতিক্রিয়া/উত্তর দেওয়ার জন্য 30 দিনের বিজ্ঞপ্তি পাঠাবে। স্থায়ীভাবে বন্ধ হয়ে যাওয়ার বিষয়টি কার্ডে/সম্পর্কিত লোন অন কার্ডে কোনো বকেয়া না থাকার শর্তসাপেক্ষ।

(F) কার্ড হারানো/চুরি/অপব্যবহারের

(i) কার্ড হারানো/চুরি/অপব্যবহারের ক্ষেত্রে যে পদ্ধতি অনুসরণ করতে হবে - কার্ড প্রদানকারীকে জানানোর পদ্ধতি

ক্রেডিট কার্ড হারিয়ে গেলে, চুরি হয়ে গেলে, প্রাপ্ত না হলে, আরবিএল ব্যাংক বা অন্য কোন ব্যাংকের এটিএম -এর মেশিনের ভেতরে চলে গেলে বা তাঁর নিজ অনুমতি ব্যতিরেকে অপব্যবহার করা হলে কার্ড সদস্যকে অবশ্যই 24 ঘন্টা টোল ফ্রি নম্বরে গ্রাহক পরিষেবায় কল করে অবিলম্বে আরবিএল ব্যাংককে অবহিত করতে হবে। এছাড়াও, হারিয়ে যাওয়া/চুরি/অপব্যবহারের ক্ষেত্রে, কার্ডসদস্যকে অবশ্যই পুলিশ অভিযোগ/প্রথম তথ্য প্রতিবেদন (এফআইআর) দায়ের করতে হবে, যার একটি কপি ব্যাংককে পাঠাতে হবে

(ii) উপরের (i) ক্ষেত্রে কার্ডধারকের দায়

(a) ব্যাংককে বিজ্ঞপ্তি দেওয়া/জানানোর পূর্বে ক্রেডিট কার্ডের যেকোনো অননুমোদিত ব্যবহারের ফলে, ব্যাংককে বিজ্ঞপ্তি দেওয়া/জানানো পর্যন্ত সংঘটিত সমস্ত চার্জের জন্য উদ্ধৃত দায় কার্ড সদস্যের হবে এবং কেবলমাত্র ব্যাংকের দ্বারা বিজ্ঞপ্তি প্রাপ্তির পরেই "শূন্য" হবে।

(b) স্বাক্ষরবিহীন ক্রেডিট কার্ডের ক্ষেত্রে, কার্ডের সদস্য এর জন্য ব্যয়িত সমস্ত চার্জের জন্য দায়ী থাকবেন।

(c) কার্ডের সদস্য কোনও বিতর্কিত লেনদেনের তদন্তের ক্ষেত্রে ব্যাংক, ব্যাংকের প্রতিনিধি এবং/অথবা আইনি কর্তৃপক্ষের সাথে সম্পূর্ণ সহযোগিতা করবেন।

(d) যেক্ষেত্রে কার্ড সদস্য পরবর্তীতে ক্রেডিট কার্ড পুনরুদ্ধার করে (চুরির রিপোর্ট করার পরে), সেক্ষেত্রে উদ্ধার করা ক্রেডিট কার্ড ব্যবহার করা অবশ্যই উচিত নয় এবং অর্ধেক কেটে অবিলম্বে ব্যাংককে ফেরত দিতে হবে।

(G) স্পেশাল মেনশন অ্যাকাউন্ট (এসএমএ) এবং নন-পারফর্মিং অ্যাসেট (এনপিএ) - এর শ্রেণিবিভাজন এবং উন্নতিকরণ

যদি কোনও লোন/ক্রেডিট কার্ডের অ্যাকাউন্টের পরিশোধের সময়সীমা 22 শে জানুয়ারি, 2019 তারিখ হয় এবং ঋণদানকারী প্রতিষ্ঠান সেই তারিখের জন্য দিন সমাপ্তির (ডে এন্ড) প্রক্রিয়াটি চালনা করে, সেক্ষেত্রে বাকি-পড়া (ওবারডিউ) তারিখটি হবে 22 শে জানুয়ারি, 2019 এবং অ্যাকাউন্টটি এসএমএ-০ হিসাবে শ্রেণিবিভক্ত হবে।

যদি সম্পূর্ণ বাকি-পড়া অর্থ (যদি কোনও চার্জ থেকে থাকে, তা সমেত) পরের দিন (23শে জানুয়ারি 2019) অথবা পরবর্তী কোনও তারিখে মিটিয়ে দেওয়া হয়, সেক্ষেত্রে দিনের শেষে অ্যাকাউন্টের ডিপিডি শূন্যতে পরিণত হবে এবং এরপরে অ্যাকাউন্টটি স্বাভাবিককৃত হিসাবে শ্রেণিবিভক্ত করা হবে।

যদি অ্যাকাউন্টের বাকি-পড়া (ওভারডিউ) চলতে থাকে, সেক্ষেত্রে 29 ফেব্রুয়ারি 2019 তারিখে অর্থাৎ একটানা বাকি-পড়া (ওভারডিউ) হয়ে থাকার 30দিন সম্পূর্ণ হওয়ার পরে, দিন সমাপ্তির (ডে এন্ড) প্রক্রিয়াটি চালনার সময় এই অ্যাকাউন্টটি এসএমএ-1 হিসাবে চিহ্নিত করা হবে। তদনুসারে, সেই অ্যাকাউন্টের এসএমএ-1 শ্রেণিবিভাজনের তারিখ হবে 21শে ফেব্রুয়ারি 2019.

একইভাবে, যদি অ্যাকাউন্টের বাকি-পড়া (ওভারডিউ) চলতে থাকে, সেক্ষেত্রে 23,মার্চ 2019 তারিখে অর্থাৎ একটানা বাকী-পড়ার(ওভারডিউ) 60দিন সম্পূর্ণ হওয়ার পরে, দিন সমাপ্তির (ডে এন্ড) প্রক্রিয়াটি পরিচালনার সময় এই অ্যাকাউন্টটি এসএমএ-2 হিসাবে চিহ্নিত করা হবে।

যদি ঋণগ্রহীতার স্তরে অ্যাকাউন্টটি যে কোনো তারিখে বাকি-পড়া (ওভারডিউ) পরিমাণ শূন্য হিসাবে অব্যাহত থাকে, তাহলে সমগ্র সম্পর্কটি উল্লভিকরণের জন্য বিবেচনা করা হবে। অ্যাসেট শ্রেণিবিভাজন (অর্থাৎ এনপিএ শ্রেণি) ঋণগ্রহীতার স্তরে (অর্থাৎ ব্যাংকের সাথে সব সম্পর্কে) শ্রেণিবিভক্ত হবে।

এনপিএ-র ক্ষেত্রে, ব্যাংকের সব সম্পর্কে সম্পূর্ণ বাকি-পড়া (ওভারডিউ) টাকা সম্পূর্ণরূপে প্রদান করতে হবে এবং যদি কোনও নির্দিষ্ট তারিখে ঋণগ্রহীতার স্তরে বাকি-পড়া(ওভারডিউ) অর্থের পরিমাণ শূন্য হয়, সেক্ষেত্রে ব্যাংকের সাথে সব সম্পর্কের উল্লভিকরণের বিষয়ে বিবেচনা করা হবে।

(H) প্রকাশকরণ

- (i) এই চুক্তি এবং/ অথবা অন্য কোন চুক্তি সহ কার্ডসদস্যের সাথে সম্পর্কিত সমস্ত/ যেকোন তথ্য বা নথি, ক্রেডিট যাচাই বা উল্লেখ্য (রেফারেন্স) পরীক্ষা করা অথবা তার স্বার্থের সুরক্ষার উদ্দেশ্যে, প্রকাশের জন্য কার্ডসদস্য এতদ্বারা, রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া, আয়কর কর্তৃপক্ষ, ট্রাইব্যুনাল, আদালত, বিচারবিভাগীয় সংস্থা অন্যান্য ব্যাংক, ক্রেডিট ব্যুরো, আর্থিক প্রতিষ্ঠান বা অন্য কোন তৃতীয় পক্ষের কাছে সময়ে সময়ে প্রযোজ্য প্রকাশের নিয়ম অনুযায়ী প্রকাশ করার জন্য ব্যাংককে স্পষ্টভাবে অনুমোদন দিচ্ছেন।

(ii) কার্ডসদস্য এতদ্বারা সম্মতি দিচ্ছেন যে, কেবলমাত্র কার্ডসদস্য কর্তৃক প্রদত্ত সুস্পষ্ট সম্মতির ক্ষেত্রে, কার্ডসদস্য কর্তৃক ক্রেডিট কার্ড আবেদন পত্রে অথবা অন্যভাবে প্রদত্ত তথ্য কার্ড সংক্রান্ত অফার বিক্রয়ের জন্য ব্যাংক মার্কেটিং কাজে ব্যবহার করতে পারে, যার অন্তর্গত কিন্তু এতেই সীমিত নয়, ব্যালেন্স ট্রান্সফার, ইএমআই অফার, নগদ সংক্রান্ত অফার এবং সময়ে সময়ে বীমা পণ্য। উপরন্তু, প্রযোজ্য হিসাবে প্রকাশের নিয়ম মেনে ব্যাংক এই তথ্য ব্যাংকের অন্যান্য পণ্য বাজারজাত করতে ব্যবহার করতে পারে। কার্ডসদস্যের যাতে অসুবিধা না হয় তা নিশ্চিত করার জন্য, ব্যাংক একটি “কল করবেন না (ডু নট কল)” রেজিস্টার রাখে এবং যদি কার্ডসদস্যরা মার্কেটিং অফারের জন্য তাঁকে কল করা পছন্দ না করেন, তাহলে এই রেজিস্টারে তাঁদের উক্ত যোগাযোগ নম্বরগুলি তালিকাভুক্ত করার জন্য তিনি ফোনে 24 ঘন্টা ব্যাংককে জানাতে পারেন বা supercardservice@rblbank.com-এ একটি ইমেল পাঠাতে পারেন।

এছাড়াও কার্ডসদস্যরা তাঁদের নিজ নিজ যোগাযোগের তথ্য বাদ দেওয়ার জন্য ব্যাংকের ওয়েবসাইটে নিবন্ধন করতে পারেন।

(iii) যদি ব্যাংক (কার্ডসদস্যদের ধার (ক্রেডিট) - এর যোগ্যতা বা এইরকম কোনো কিছু বিষয়সংক্রান্ত) বিরূপ রিপোর্ট পায়, তাহলে ব্যাংক ক্রেডিট কার্ড বাতিল করতে পারে, যার ফলে সব বকেয়া ব্যালেন্সের পাশাপাশি ক্রেডিট কার্ডের ব্যবহারজনিত সংঘটিত আরও কোন চার্জ/ফি, যা তখনও কোনো বিবৃতিতে (স্টেটমেন্টে) বিল করা হয়নি, তা অবিলম্বে বকেয়া এবং উক্ত কার্ড সদস্যের দ্বারা প্রদেয় হবে।

(iv) কার্ডসদস্য ব্যাংককে কার্ডসদস্য সম্পর্কিত তথ্য তৃতীয় পক্ষের সাথে শেয়ার করার অনুমতি দেন যাতে কার্ডসদস্য যেসব কর্মসূচি অথবা সুবিধার জন্য নথিভুক্ত সেগুলি পরিচালনা করতে, পরিষেবা দিতে এবং নিয়ন্ত্রণ করতে ব্যাংক সক্ষম হয়।

(v) বিপরীত কিছু সত্ত্বেও, কার্ডসদস্য এবং ব্যাংকের মধ্যে যে কোন উদ্দেশ্যে এই চুক্তি এবং/ অথবা অন্য কোন চুক্তি অথবা লেনদেন সমেত কার্ডসদস্য সম্পর্কে সব যেকোনো তথ্য বা নথি নিম্নলিখিত-দের কাছে প্রকাশ করার অনুমতি কার্ডসদস্য ব্যাংককে দেন:

(a) ব্যাংকের প্রধান দফতর বা অন্য কোন শাখা, সহায়ক বা ব্যাংকের সংশ্লিষ্ট বা সহযোগী সংস্থার কাছে

(b) ব্যাংকের পেশাদার উপদেষ্টার কাছে

(c) ব্যাংকের কোন সম্ভাব্য বা প্রকৃত ক্রেতা/ নিয়োগকারী বা অন্য কোন ব্যক্তির কাছে এর কোন ব্যবসা, অধিকার, সম্পদ বা বাধ্যবাধকতার আবশ্যিকতা অথবা

(d) যেখানে আইন দ্বারা প্রকাশ আবশ্যিক।

(vi) ভারতীয় আর্থিক ব্যবস্থার কার্যকারিতা এবং স্থিতিশীলতা উন্নত করার জন্য ক্রেডিট ইনফরমেশন ব্যুরো ইন্ডিয়া লিমিটেড (সিবিএল) হল ভারত সরকার এবং ভারতীয় রিজার্ভ ব্যাংক (আরবিআই) এর একটি উদ্যোগ। এটি ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে তথ্য বিনিময়ের জন্য একটি কার্যকর ব্যবস্থা প্রদানের জন্য RBI-এর প্রচেষ্টার সাথে সামঞ্জস্যপূর্ণ, যার ফলে গ্রাহকরা বিভিন্ন প্রতিষ্ঠান থেকে উন্নততর ধার (ক্রেডিট) - এর শর্তাবলী গ্রহণ করতে সক্ষম হন।

(vii) এই উদ্যোগে অংশগ্রহণকারী সকল ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানকে সিবিএল (CIBIL) এবং অন্যান্য ক্রেডিট ইনফরমেশন ব্যুরোর কাছে গ্রাহকের তথ্য জানানো আবশ্যিক। উপরোক্ত লক্ষ্যে, কার্ড সদস্য (দের)/ অ্যাড অন কার্ড সদস্যদের অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্য সিবিএল (CIBIL) এবং অন্যান্য ক্রেডিট তথ্য ব্যুরোকে ব্যাংক জানাবে।

(ix) কার্ডসদস্য(গণ) স্বীকার করেন যে, ব্যবসায়িক রীতি এবং প্রযোজ্য বিধান অনুসারে, ব্যাংক সময়-সময়ে ব্যাংক কর্তৃক নির্ধারিত যেকোনো বিদ্যমান বা ভবিষ্যতের ক্রেডিট ব্যুরোর সাথে কার্ডসদস্যের তথ্য শেয়ার করার জন্য অনুমোদিত। ভারতীয় আর্থিক ব্যবস্থার এবং এই ধরনের অন্যান্য সত্তার কার্যকারিতা স্থিতিশীলতা উন্নতির জন্য এই তথ্য সিবিএল(CIBIL) বা উপযুক্ত কর্তৃপক্ষের দ্বারা অনুমোদিত/বিজ্ঞাপিত অন্য কোন ক্রেডিট তথ্য ব্যুরোর কাছে জানানো হতে পারে।

(x) যদি কোনও রিপোর্টে উল্লেখিত কার্ডের সদস্য ব্যাংকের সন্তুষ্টি অনুযায়ী ব্যাংকের সমস্ত বকেয়া মিটিয়ে দেন বা পরিশোধ করেন, তাহলে পরিবর্তনটি স্পষ্টভাবে প্রকাশের জন্য, ব্যাংক, সেই কার্ড সদস্যের সাম্প্রতিকতম তথ্য সিবিএল(CIBIL) বা অন্যান্য ক্রেডিট ইনফরমেশন ব্যুরোকে প্রদান নিশ্চিত করার যুক্তিসঙ্গত প্রচেষ্টা করবে।

(xi) ইউআইডিএআই থেকে প্রাপ্ত কেওয়াইসি হিসাবে সব/ যেকোনো তথ্য/ আমার দ্বারা সম্পন্ন আবেদনপত্রে উল্লেখ্য তথ্য, আমি বিএফএল / ক্রেডিট ব্যুরো / সংবিধিবদ্ধ সংস্থা/ সহায়ক/ সহযোগী/ ক্রেডিট ব্যুরো / রেটিং এজেন্সি, পরিষেবা প্রদানকারী, ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান, সরকারী/নিয়ন্ত্রক কর্তৃপক্ষ বা তৃতীয় পক্ষের কাছে

কেওয়াইসি তথ্য যাচাইকরণ, ক্রেডিট ঝুঁকি বিশ্লেষণ, বা অন্যান্য সংশ্লিষ্ট উদ্দেশ্যে যা RBL ব্যাংক উপযুক্ত মনে করতে পারে, তার জন্য প্রকাশ এবং শেয়ার করতে আমি আরবিএল ব্যাংককে অনুমোদন দিচ্ছি।

যদি কার্ড সদস্য কোন আর্থিক সহায়তা/ সুবিধা/ আর্থিক/ ক্রেডিট সুবিধা বা তার উপর সুদ/ চার্জের মূল অর্থ পরিশোধের ক্ষেত্রে খেলাপ(ডিফল্ট) করেন, তাহলে খেলাপি (ডিফল্টের) হলে যেমন প্রযোজ্য, সেইভাবে এবং RBL ব্যাংক বা RBI তাদের চূড়ান্ত বিবেচনার ভিত্তিতে যেমন উপযুক্ত মনে করতে পারে সেই ভাবে এবং সেই মাধ্যমের দ্বারা, খেলাপ(ডিফল্ট)-এর বিবরণ এবং কার্ডসদস্য/ অথবা এর পরিচালক/ অংশীদার/ অ্যাড-অন কার্ড ধারকদের নাম প্রকাশ বা প্রকাশনার সম্পূর্ণ অধিকার RBL ব্যাংক এবং/ অথবা RBI-এর থাকবে। আরবিএল ব্যাংক ক্রেডিট ইনফরমেশন কোম্পানি (রেগুলেশন) আইন, 2005 - এর শর্তানুসারে ধারের ইতিহাস (ক্রেডিট হিস্ট্রি)/পরিশোধের রেকর্ড এবং/অথবা কার্ড সদস্যের অতীতের বকেয়া স্থিতি সংক্রান্ত তথ্য একটি ক্রেডিট ইনফরমেশন ব্যুরোর কাছে প্রকাশ করবে। কার্ড সদস্যের ধার(ক্রেডিট)-এর যোগ্যতার কোন বিরূপ প্রতিবেদন না থাকার উপর ভিত্তি করে ক্রেডিট কার্ডের জন্য একটি আবেদন স্বীকার্য হয়। আরবিএল ব্যাংক কার্ডের অ্যাকাউন্টে কোনো অপব্যয় বা কার্ডের দ্বারা বা অন্যভাবে কার্ডসদস্যের ক্রেডিট সুবিধা প্রত্যাহারের বিষয়ে অন্য কোনও ব্যাংক বা আর্থিক সংস্থাকে রিপোর্ট করতে পারে। বিরূপ রিপোর্টন (কার্ড সদস্য বা তাঁর পরিবারের সদস্যদের ধার(ক্রেডিট)-এর যোগ্যতার সাথে সম্পর্কিত) প্রাপ্তির উপর ভিত্তি করে, RBL ব্যাংক, লিখিতভাবে 15 দিনের পূর্ব-বিজ্ঞপ্তির পরে, ক্রেডিট কার্ড বাতিল করতে পারে, যার ফলে সব বকেয়া ব্যালেন্সের পাশাপাশি ক্রেডিট কার্ডের ব্যবহারজনিত সংঘটিত আরও কোন চার্জ, যা তখনও কোনো বিবৃতিতে (স্টেটমেন্টে) বিল করা হয়নি, তা অবিলম্বে কার্ডসদস্যের দ্বারা প্রদেয় হবে। আরবিএল ব্যাংক কার্ড সদস্যের কাছে ব্যাংক বা আর্থিক সংস্থার যেখান থেকে এই বিরূপ রিপোর্টটি পেয়েছে বা যার কাছে তথ্য প্রকাশ করেছে তার নাম প্রকাশ করতে বাধ্য নয়।

BFL_CC/MITC/23/03/2023

www.rblbank.com

আরবিএল ব্যাংক লিমিটেড

কার্ড অপারেটিং সেন্টার, ইউনিট নং 306-311, 3য় তলা, জেএমডি মেগাপোলিস,

মোহনা রোড, সেক্টর - 48, গুডগাঁও-122 122018, হরিয়ানা।

নিবন্ধিত অফিস, 1ম লেন, শাহশুরি, কোলহাপুর- 416 001, ভারত।

CIN: L65191PN1943PLC007308